

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৩০

আগরতলা, ২৫ নভেম্বর, ২০২৩

হায়াদ্রাবাদে রাজ্যপালের সাথে হায়াদ্রাবাদ
চ্যাপ্টারের তিপ্রাসা থানসার প্রতিনিধিদলের সাক্ষাৎ

হায়াদ্রাবাদে গতকাল রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগুর সাথে হায়াদ্রাবাদ চ্যাপ্টারের তিপ্রাসা থানসার এক প্রতিনিধিদল সাক্ষাৎ করেন। সাক্ষাৎকারের সময় প্রতিনিধিদলটি হায়াদ্রাবাদে একটি ত্রিপুরা ভবনে নির্মাণ সহ বিনামূল্যে অ্যাঙ্কুলেন্স পরিষেবা ও নানাবিধ তথ্য পরিষেবা কেন্দ্র খোলার জন্য রাজ্যপালকে অনুরোধ জানান। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগুর জানান, এ বিষয়ে তিনি তেলেঙ্গানা ও ত্রিপুরা সরকারের সাথে কথা বলবেন। তাছাড়াও কেন্দ্রীয় ডোনার মন্ত্রী জি কিষাণ রেড্ডির সাথেও এবিষয়ে কথা বলবেন। সাক্ষাৎকালে প্রতিনিধিদলটির পক্ষ থেকে রাজ্যপালকে সংবর্ধনাও দেওয়া হয়।
